It is almost a cross-cultural phenomenon that warriors have experienced the fear and suffering of war as the closest thing to hell on earth. But many of those same men also experience war as a thing near to heaven. They are confused by the experience of war because it pulls them very hard in opposite ways: it feels like the very worst, and yet somehow the very best thing that has ever happened to them. This is how the journalist and combat veteran William Broyles Jr. put it in his classic *Esquire* article from 1984, “Why Men Love War”:

I had to admit that for all these years I also had loved it [Vietnam], and more than I knew. I hated war, too. Ask me, ask any man who has ever been to war about his experience, and chances are we’ll say we don’t want to talk about it—implying that we hated it so much, it was so terrible, that we would rather leave it buried. And it is no mystery why men hate war. War is ugly, horrible, evil . . . But I believe that most

men who have been to war would have to admit, if they are honest, that somewhere inside themselves they loved it too, loved it as much as anything that has happened to them before or since. And how do you explain that to your wife, your children, your parents, your friends? And how can you tell them, that when the war ended, something had gone out of our lives forever, and our behaviour on returning was inexplicable except as the behaviour of men who had lost a great—perhaps the great—love of their lives, and had no way to tell anyone about it. (Gottschall, 215).

Men do not love war; they do not hate it either. Men, in a way, love-hate war. Robert. E. Lee can be taken as an example. Gazing out over the Battle of Fredericksburg, with the Union soldiers charging behind streaming banners, while the Confederates bowled holes in their lines with cannonballs Lee said, ‘It is well war is so terrible; we should grow too fond of it.’ (Sanborn, *Robert.E.Lee*, 158) Similarly, in his memoir of Vietnam, *A Rumour of War*, Philip Caputo while dealing extensively with the horrors of war also admits that he was happier in that hell than he’d ever been in his life. In his great war novel *Matterhorn*, the Vietnam veteran Karl Marlantes gives a minute recreation of the fear, frustration and sadness of war. But he also shows young men discovering the ecstasy of defeating enemies—of learning that they have a “mad monkey” (Marlantes, *Matterhorn*, 560) inside that loves to kill.

However, it has to be kept in mind that there is a form of masculine aggression that cultures often celebrate: a self-sacrificing, pro-social heroism that has been the male ideal from time immemorial. This is applicable even in today’s world where the competent use of aggression in socially acceptable ways goes a long way in elevating a man’s social stature: seen in the examples of soldiers, cops, and athletes. A similar phenomenon can be seen in literature too: the aggression we really savor is moralistic aggression. It is the pleasure of comeuppance. Across the world, in epic literature, films, and adventure novels, the great heroes—from Hector to Beowulf to James Bond—are above all else, men of violence. What is celebrated however is not wild and ungoverned aggression. Hero stories always seem to send the same message: violence is for protecting the weak and the good from the bad and the strong.

5.BLOOD PORN:

Two of the biggest entertainment staples are: sex and violence, love and death. One of the fundamental reasons for us being drawn towards erotic entertainment is because sex interests us deeply in real life. If looked at in this way the success of the adult entertainment industry is not surprising at all. Porn feeds our appetite for real sex by providing us vicarious sex. Now, could the same thing be said about violence in entertainment as well? Gottschall’s question is incisive- Are we drawn to pretended forms of violence because given the right circumstances, we love the real thing?

6. CONCLUSION:

And what exactly could be the ‘appropriate’ conditions suggested above? Most obviously, situations that bring profit. Chimps enjoy killing when they stand to gain something. When one troop demolishes another, they kill the competitor males and absorb the females. They use the conquered ‘territory’ for their genetic expansion. If humanity’s history of murder and rapine is taken into consideration, it makes no sense to assume that we should categorically dislike violence or killing. Animals do not like or dislike their predatory actions. It is in their nature. For eons, humans have made their living in a similar predatory fashion- by hunting animals. As Mark Twain put it, “We are nothing but a ragbag of disappeared ancestors,” (Smith, *The Most Dangerous Living Animal*, 81) and those ancestors could be a bloody-knuckled lot.

In evolutionary terms, aggression is an awfully effective trick. Most of us think of aggression not only as a categorically bad thing but as pathological —a behavioural defect owing to a bad upbringing or crossed wires in the brain. While some aggression is unequivocally bad, many are not. Aggression is part of the behavioural repertoire of virtually all animals because, in the appropriate conditions, it simply pays. The evolutionary scientist Donald Symons points out that had it been otherwise “long ago the meek would have inherited the earth.” (Symons, *Play and Aggression*, 156)

REFERENCES:

1. Carder and Geib-Cole’s paper “The Development of Boys’ Preferential Pleasure in Physical Aggression.” *Aggressive Behaviour* 34 (2008): 154-66.
2. Bok, Sissela. “Mayhem: Violence as Public Entertainment”, (Addison-Wesley), (Reading, Massachusetts), First edition (1998).
3. Gottschall, Jonathan. “The Professor in the Cage: Why Men Fight and Why we like to Watch”, (Penguin), (New York) First edition (2016).
4. Guttman, Allen. “Sports: The First Five Millennia”, (University of Massachusetts Press), (Amherst), Second edition (2004).
5. Hazlitt, William. “Collected Works of William Hazlitt”, (Delphi Publishing Ltd), (East Sussex), First edition, (2015).
6. Marlantes, Karl. “Matterhorn: A Novel of Vietnam”, (Grove Press), (New York), First edition, (2011).
7. Sanborn, Margaret. “Robert E. Lee: A Portrait, 1807–1861”, (Lippincott), (Philadelphia) Lippincott, First edition, (1966).
8. Smith, David Livingstone. “The Most Dangerous Animal: Human Nature and the Origins of War”, (Macmillan), (New York), First edition, (2009).
9. Symons, Donald. “Play and Aggression: A Study of Rhesus Monkeys”, (Columbia University Press), (New York), First edition, (1978).
10. Zillmann, Dolf. “The Psychology of the Appeal of Portrayals of Violence.” In *Why We Watch: The Attractions of Violent Entertainment*, edited by Jeffrey Goldstein (Oxford University Press, Oxford, 1999), pp. 179–211.

PROPAGANDA AND HISTORY: THE STRANGE CASE OF THE FIRST WORLD WAR, THE WILSON ADMINISTRATION AND THE CREEL COMMISSION

Shatarupa Sen Gupta¹

ABSTRACT:

This article wishes to look at the role that media plays in shaping the path that leads to lasting historical developments and imprints. Theoretically speaking, it is mostly thought that access to information about our world prevents us from becoming individual islands in the sea of humanity. It is supposed to provide us with a sense of continuity and familiarity in a heterogeneous and ever-changing world and connects with other men and women with the same aspirations, needs, fears and concerns. Nonetheless, media can also turn us into individual islands where access to information only makes us virtually connected. It provides us with information which we need to be free and self-governing. News makes us identify our uniqueness so that we can construct a universal knowledge apparently based on reality. It helps us identify our common goals, champions, and outcasts. On the other hand, it can be a great weapon in the hands of a ruler to hold his or her people together by providing a sense of oneness and by promoting a sense of common fear and binding people around that threat. My case study would be the entry of the United States of America into the First World War because of planned propaganda by the government.

Keywords: *Creel Commission, media, news dissemination, democracy, manufacturing opinion and consent*

1.EXPLANATION:

Media plays a crucial role in bringing the people of a nation together. This is achieved through shared experience of all those people who subscribe, among other things, to any form of media. Media presents us with text and representation for interpretation. Theoretically it is assumed that access to information about one's surroundings prevents a person from becoming individual islands in the sea of humanity. It provides the populace with a sense of continuity and familiarity in a heterogeneous and ever-changing world. It lets them connect with other men and women with the same aspirations, needs, fears and concerns. It provides the population with *information* which is needed to be *free and self-governing*. Informative news helps in identifying the uniqueness of humans whereby they construct a universal knowledge apparently based on reality¹. It further helps people to identify their common goals, champions, and outcasts. On the other hand, it can be a great weapon in the hands of the government to hold the people together by providing a sense of oneness and promoting a sense of common fear which often binds the motley people around it.

¹ Calcutta Girls' College, 3 Goal Tuli Lane, S.N Banerjee Road, Kolkata 700013

Email: shatarupa.sengupta@gmail.com

Received : 03.10.2024; Accepted: 03.12.2024; Published on: 24.12.2024

To explain further, Marshall McLuhan, in his book *Gutenberg Galaxy: The Making of the Typographic Man* had stated that the printed word while isolating individuals created a homogeneous identity. He further stated that it had destroyed the spontaneous and candid features of the oral culture by restraining, categorising, and conserving *information* for a price². For an experience to be news-worthy it had to be serious and for information to be serious it had to be *capable of being encapsulated in print to render it saleable*.³

In a similar vein, Benedict Anderson has stated that though citizens of a particular nation never get to interact with most of their fellow citizens, they consider themselves to be compatriots. This happens when a newspaper by replicating itself reaches innumerable households and makes people across a vast geographical area aware of each other. Anderson likened reading the newspaper to a daily ritual whereby people believe that, *the imagined world [was] visibly rooted in everyday life*.⁴

Thus, the image that media presents before us is a classic case of contradictions. On one hand it often lulls us into a false sense of security and on the other hand it will time and again wake us up from our reverie to take note of the world in which we are residing and which needs changes every now and then. Sometimes it shows us a world akin to Peter Weir's *The Truman Show* or may portray a construal akin to Akira Kurosawa's *Rashomon* or perhaps present a dramatised version of reality like Steven Soderbergh's *Erin Brokovich*. The first one depicts the life of Truman Burbank who since birth had lived in a make believe world of reality show from which he tries to escape, the second movie depicts the unfeasibility of understanding the truth of an incident due to the contradictory accounts presented by the eye witnesses of a murder and the third one tells the story of Erin Brockovich, an American legal clerk who made a case against the Pacific Gas and Electric Company for contaminating drinking water with hexavalent chromium in the southern California town of Hinkley. This case was settled in 1996 for a colossal sum of three hundred and thirty-three million dollars.

These examples beg a few vital questions. Does the dissemination of news inform or to influence? Or does it in the words of Edward Bernays, member of Creel Commission⁵ *regiment the public mind every bit as much as an army regiments their bodies?*

According to Walter Lippmann, former dean of American journalists, for the success of a democracy, public consent must be manufactured as *common interests elude public opinion entirely...and can only be understood and managed by a specialised class of responsible men*³ who can make a democracy function effectively. The rest of the people were termed as the *bewildered herd* which if not properly managed can

go on a rampage. The best way, according to Lippmann, to tame this *bewildered herd* would be to make them go through a kind of indoctrination whereby they would be led to believe the illusions created by the powerful few *for their own good*³

What can be construed from this is that media can manipulate information and at two levels. First it can be used to structure data to suit the needs and ideas of whoever has the reigns in hand and secondly it can be used to repeat that structured data to make an entire nation or perhaps an entire range of humanity to subscribe to a particular point of view. In this context, we can mention Joseph Goebbels's theory of *Big Lie* – a propaganda model whereby Goebbels believed that a lie even an audacious one, if repeated umpteen number of times will be believed by the masses. The crucial question here would be what role does media play in forming our opinion about our identity as a political individuals or public policies and political decisions that may affect the lives of the citizens?

President Woodrow Wilson had been elected to his second term in office on the promise of social legislation, and isolation from the war. Wilson's election catchphrases had been *He kept us out of the War* and *Peace without Victory* as the American public in general was against participating in this war. However, by June 1914, President Wilson had considered creating a publicity agency to clarify the government's stance on key issues especially American war aims as the big arms manufacturing industrialists of USA saw the war as an excellent business opportunity. Thus, shortly after the U.S. entered World War I, Wilson issued *Executive Order No. 2594*, establishing the *Committee on Public Information* (CPI) to manage wartime propaganda. He appointed George Creel as its head, recognizing him as the ideal candidate for the role.

By 1917 the situation changed in USA completely. The pacifist American population had turned into, to quote Noam Chomsky's words, *hysterical, war-mongering population which wanted to...tear the Germans limb to limb...and save the world*⁶. This was mainly the work of the Creel Commission. George Creel persuaded the Wilson Administration to put the media into use to manage public opinion by shaping media narratives. He focused on placing favourable articles, promoting self-censorship among editors through patriotic appeals, and coordinating with government departments. Creel oversaw the CPI's extensive operations, while journalists, publicists, and filmmakers contributed to the creation of propaganda for both domestic and international audiences.

A key component of Creel's Committee on Public Information (CPI) was the *Four Minute Men*, a group of local volunteers who served as the public face of the organization. They delivered brief speeches, typically lasting four minutes, to captive audiences in movie theatres while film reels were being changed. This initiative

effectively spread updates on European events and promoted Creel's message nationwide. They were trained to portray the Germans as brutes who were out to destroy democracy and liberty of the common man. They were meant to rally public support for America's entry into the First World War. To quote Professor Betram Nelson who was the associate director of the four-minute men division,

How can we reach [the people]? Not through the press, for they do not read; not through patriotic rallies, for they do not come. Every night eight to ten million people of all classes, all degrees of intelligence, black and white, young and old, rich and poor, meet in the moving picture houses of this country, and among them are many of these silent ones who do not read or attend meetings but who must be reached⁷.

Through propaganda posters, four-minute speeches in support of the war, pamphlets and short reels, the Creel Commission succeeded in reaching most of the American population stressing on the need for America to join the Allied powers who were portrayed as fighting a just war. The young men of America were encouraged to enlist often by appealing to their sense of chivalry and by trying to induce shame through posters showing the apparent brutality of the Germans. Thus, we can say, that the Creel Commission used propaganda to manipulate public opinion at two levels- first it structured the information about World War I to suit the needs of the Wilson Administration. Second, it repeated this structured information countless times to make the Americans believe that they would be meting out justice by participating in the war.

Here a comparison can be drawn with the *Rambo Movie series*- involving the fictitious character *John Rambo*- a Vietnam War veteran who indulges in several adventures for justice and freedom. For example, *Rambo II* is about *Operation Homecoming of 1973* – where a sole American- personifying the American spirit single-handedly sets free the POWs and MIAs of the Vietnam War and *Rambo III*, where he helps the *Mujahedeen* in Afghanistan against the Russians in the Soviet-Afghan War of 1979-1989. The historical backdrop is real, but the protagonist is almost Chimeric.

The First World War can be termed as the first total war in history. It not only affected the armies and civilians of the nations involved but also their colonies, industries and economies. For the first time, the industrialised nations of the west were at war with each other where modern warfare technologies were used to unleash maximum damage. Several millions lost their lives and the map of Europe changed for good. The war finally ended in 1918 but the question still remains – what would have been the outcome of this war if USA had not joined in 1917? This takes us to the second question – would the American administration have risked entering the war without the support of its public? And the last – would the public have supported

the war if Creel Commission had not played its crucial part by designing an effective propaganda machinery?

Perhaps the last question can be addressed as the first two belong to the realm of conjecture. The American society believed in its elected government. They looked to their political institutions for a stable economy and society. They had, as mentioned earlier, elected Wilson on the promise that US would not enter the war. In that situation, the only way left for the Wilson administration was to make the public perceive a potential threat that may or may not have prevailed. When the Germans began testing the waters on the eastern coast of America with their U-boats, the bogey of an imminent German invasion was raised. In April 1917, Wilson went as far as to declare that, *...the world must be made safe for democracy*. This lofty declaration received unanimous support and America entered the war. For the first time in history, the United States joined a coalition to fight a war not on its own land or of its own making. The US set a precedent which would be evoked over the next 100 years repeatedly. The Creel Commission had successfully provided text and representation for interpretation. It bound the Americans around a common fear – that of a German invasion on the American soil. It manufactured public consent exactly as Lippman had prescribed and as he believed that *public consent must be manufactured...[as] it can be understood and managed by a specialized class of responsible men*.

REFERENCES:

1. Kovach, Bill and Tom Rosenstiel, *The Elements of Journalism*, Atlantic Books, London, 2003. p 17.
2. McLuhan, Marshall, *Gutenberg Galaxy: The Making of Typographic Man*, Toronto, University of Toronto Press, 1962. p 212.
3. Ibid.
4. Anderson, Benedict, *Imagined Communities*, London, Verso Books, 1983. Pp 34-35.
5. Chomsky, Noam, *Media Control: The Spectacular Achievements of Propaganda*, New Delhi, ETCH: An Imprint of Natraj Publications, 2003. p 18-19.
6. Chomsky Noam, *Media Control*, Chicago, Seven Stories Press. 2002. p 11.
7. *Four Minute Men: Volunteer Speeches During World War I*, History Matters: The U.S. survey course on the web, stable url: <https://historymatters.gmu.edu/d/4970/>. Accessed on 26th February, 2025.

‘চির সীমন্তিনী’ তারা: ভ্রান্তিপাশে আবদ্ধ এক নারীর দ্বন্দ্বিকতার আখ্যান

তনুশ্রী মণ্ডল¹

সারসংক্ষেপ

রামায়ণ মহাকাব্য। বিভিন্ন উপাদান বা রত্নরাজি উপস্থিত এই মহাকাব্যের সম্ভারে। এই উপাদান উত্তরকালের মননশীল পাঠককে ভাবনার যোগান দেয়। সেই ভাবনায় সমৃদ্ধ হয়ে মহাকাব্য কাহিনির পাঠক নতুন সম্ভাবনার দিগন্ত উন্মোচন করেন। পাঠকই হয়ে ওঠেন পরবর্তীকালের লেখক। রামায়ণের কিস্কিন্দাকাণ্ডের অন্তর্গত বালীপত্নী তারাকে কেন্দ্র করে ঔপন্যাসিক গজেন্দ্রকুমার মিত্র রচনা করেন ‘চির সীমন্তিনী’ উপন্যাস। মহাকাব্যের কবির রেখে যাওয়া সূত্র ও লেখকের ভাবনা পারস্পরিকতায় আবদ্ধ হয়ে তৈরি হয় এক নতুন পাঠকৃতি। যেখানে বালীপত্নী তারা সুগ্রীবের সঙ্গে পূর্বপ্রণয়ে আবদ্ধ। যে প্রণয় তাকে বালী হত্যার আয়োজক হয়ে উঠতে প্ররোচিত করে। একইসঙ্গে তারা এখানে শাসনকার্যেও সমান দক্ষতার অধিকারী এক নারী। এমন এক নারীর দ্বিধা-দ্বন্দ্ব তথা তার মনস্তাত্ত্বিক বিশ্লেষণ এই নিবন্ধের আলোচ্য বিষয়।

সূচক শব্দ: ঈশ্বা, ক্ষোভ, ব্যাকুলতা, প্রণয়, দ্বন্দ্ব।

মহাকাব্যের কাহিনির পরিধি বিস্তৃত। মূল কাহিনিকে পরিণামের প্রতি অগ্রসর করার তাগিদে সংযুক্ত থাকে উপকাহিনি। উপকাহিনির মধ্যে থাকে অজস্র চরিত্রের সহাবস্থান। মহাকাব্যের বিস্তৃত পরিসরে এসব উপকাহিনির অন্তর্গত চরিত্রগুলি গৌণ হয়ে পড়ে। পরবর্তীকালে কোনো পাঠক যখন পাঠ করেন মহাকাব্য, তখন তার চেতনায় ঐ গৌণ কোনো চরিত্র প্রাধান্য লাভ করে। মুখ্য হয়ে ওঠে। ঐ চরিত্র ও তার পরিপার্শ্বে মহাকাব্যের কবির রেখে যাওয়া কোনো সূত্র বা কোনো ইঙ্গিত পাঠকের কাছে মূল্যবান হয়ে ওঠে। মননশীল পাঠকের মানসপ্রবণতা (যা গড়ে ওঠে তার পরিপার্শ্ব ও দেশকাল মারফিক) অনুযায়ী ওই ইঙ্গিত একটি নতুন পাঠকৃতি নির্মাণের সম্ভাবনা গড়ে তোলে। সাহিত্যিক গজেন্দ্রকুমার মিত্র ‘চির সীমন্তিনী’ উপন্যাস রচনা করেন ১৯৮১ সালে। উপন্যাসটি গড়ে উঠেছে বাল্মীকি রামায়ণের কিস্কিন্দাকাণ্ডের অন্তর্গত বালীপত্নী তারাকে কেন্দ্র করে। যিনি পঞ্চকন্যার অন্যতম। কিস্কিন্দাকাণ্ডে বালীপত্নী তারার বলিষ্ঠ উপস্থিতি পরিলক্ষিত হয়। প্রাচীন যুগের অনার্য সভ্যতার এক নারীর এমন বলিষ্ঠ উপস্থিতি পরবর্তীকালের সচেতন পাঠককে নতুন ভাবে ভাবতে উৎসাহী করে তোলে। তারা বানর দলপতি সুমেরুর কন্যা। সুমেরু বানরসেনার সুদক্ষ শল্য চিকিৎসক, যিনি পরবর্তীকালে রাবণের শক্তিশেলে আহত লক্ষ্মণকে সঞ্জীবিত করে তোলেন মহৌষধের দ্বারা। কিস্কিন্দ্যরাজ বালীর প্রধানা স্ত্রী তারা। রামায়ণে উল্লিখিত - বালী মায়াবি নামক দানবের পিছু ধাওয়া করে এক পার্বত্যগুহায় প্রবেশ করেন, প্রায় এক বছর পর ওই গুহায় প্রবল আর্ত চিৎকার এবং রুধির নির্গত হতে দেখে সুগ্রীব ভেবেছিলেন যে বালী মৃত, তাই তিনি গুহামুখ রুদ্ধ করে দিয়ে ফিরে এসে রাজ্যভার ও বালীপত্নী তারাকে গ্রহণ করেছিলেন। পরবর্তীতে বালী প্রত্যাবর্তন করে প্রতিশোধম্পূর্য্যে জর্জরিত হয়ে ভাভুবধু রুমাকে গ্রহণ করেন এবং সুগ্রীবকে নির্বাসন দেন। সীতা অশ্বেষণে ঋষ্যমুক পর্বতে আগমন করে রামচন্দ্র ও সুগ্রীবের মিত্রতা হয় এবং রামচন্দ্র বালীকে হত্যা করেন। বালীর মৃত্যুর পর পুনরায় সুগ্রীব তারাকে স্ত্রী হিসেবে গ্রহণ করেন। মহাকাব্যের এই সূত্র থেকে লেখক সুগ্রীব ও তারার এক পূর্বপ্রণয় সম্পর্ক সম্ভাব্য করেন। একইসঙ্গে রাজকার্য পরিচালনার উপযুক্ত ক নারী হিসেবে তারা চরিত্র নির্মাণ করেন লেখক। উপন্যাসে তারা মুখ্যচরিত্র। ঘটনাপ্রবাহের নিয়ন্তা হয়ে

¹ সহকারী অধ্যাপক, বাংলা বিভাগ, গভর্নমেন্ট জেনারেল ডিগ্রি কলেজ, কুশমণ্ডি, দক্ষিণ দিনাজপুর।

ই-মেল: tanusreemandal4U@gmail.com

Received: 05.10.2024; Accepted: 03.12.2024; Published on: 24.12.2024

উঠেছেন তিনি। মহাকাব্যের নারীর এই পরিমার্জিত রূপ এবং ফলশ্রুতিতে তার মনস্তাত্ত্বিক দ্বন্দ্বই এই নিবন্ধের অস্থিষ্ট।

মায়াবি নামক দানবকে হত্যা করে বালী প্রত্যাবর্তন করেন কিষ্কিন্দায়। সুগ্রীব তাকে হত্যা করতে চেয়েছেন তাঁর রাজ্য ও স্ত্রী ভোগ করার আশায়, এই ভ্রান্তিবশে বালী সুগ্রীবকে নির্বাসিত করেন ও নিজ স্ত্রীকে পুনরায় গ্রহণ করেন। দীনেশচন্দ্র সেন তাঁর ‘রামায়ণী কথা’ গ্রন্থে বালী সম্পর্কে বিশ্লেষণ করতে গিয়ে জানান – “পার্বত্যপ্রদেশে স্ত্রীলোকের সতীত্বের আদর্শ অভ্যস্ত সমুন্নত ছিল না, সুতরাং তিনি রাজোচিত মর্যাদার সহিত এক্ষেত্রে ভ্রাতা সুগ্রীবের দণ্ডবিধান করিয়া তারাকে গ্রহণ করিলেন – তাহার এক কারণ সুগ্রীব রাজা হইয়া যাহা করিয়াছিলেন, রাজ্ঞীর তাহাতে বাধা দেওয়ার শক্তি ছিল না, রাজার ইচ্ছা তিনি পালন করিতে বাধ্য- দ্বিতীয়তঃ তারাকে তিনি অত্যন্ত ভালবাসিতেন- তারা তাঁহার মৃত্যুর পরে রামচন্দ্রের নিকট কাঁদিয়া বলিয়াছিল – “বালী স্বর্গে যাইয়া স্বর্গসুখ লাভ করিলেও আমাকে ছাড়া সুখী হইতে পারিবে না”^১। অথচ বালীর মৃত্যু সম্পর্কে সুনিশ্চিত না হয়েই তারা সুগ্রীবের সঙ্গিনী হয়েছেন, তাতে তাঁর কোনো অসম্মতি রামায়ণে দেখা যায় না অপরপক্ষে পরবর্তীকালে রাম বালীকে হত্যা করলে পুনরায় সুগ্রীব জ্যেষ্ঠের পত্নী তারাদেবীকে স্ত্রী হিসেবে গ্রহণ করেন। বাল্মীকি কিষ্কিন্দাকাণ্ডে জানান- “স্বাধ্ব পত্নীমভিপ্রেতাং তারাং চাপি সমীক্ষিতাম্। বিহরন্তমহোরাত্রং কৃতার্থং বিগতজ্বরম্”^২ (সম্যগরূপে তাঁর বাঞ্ছিত যে পত্নী তারা, তাঁর সঙ্গে দিবরাত্রি বিহার করে তিনি আজ কৃতার্থ। দুঃখ তার চলে গেছে।)^২ বালীপত্নী তারা সুগ্রীবের বাঞ্ছিত অর্থাৎ তারাকে সুগ্রীব চাইতেন বা কামনা করতেন। সুগ্রীবের ঈশ্বার কথা কবি বলেন এবং বালীর মৃত্যুর পর তারা স্বচ্ছন্দে সুগ্রীবের পত্নী হন। সেখানে তারার আচরণে কোন বিসদৃশতা চোখে পড়ে না। একদিকে সুগ্রীবের ঈশ্বা অন্যদিকে তারার সুগ্রীবের সঙ্গে স্বচ্ছন্দে বিহার এমন পরস্পরসম্পৃক্ত ঘটনাকে ইঙ্গিত হিসেবে গ্রহণ করে লেখক তারা ও সুগ্রীবের পূর্বপ্রণয় সম্ভাব্য করে তুলেছেন। মহাকাব্যের এই ঘটনা পাঠকের মনে প্রশ্ন জাগরিত করে, তাই অমলেশ ভট্টাচার্য তাঁর ‘রামায়ণ কথা’ গ্রন্থে জানান- “প্রথম থেকেই তারা কি সুগ্রীবকে ভালবাসত? তাদের মধ্যে ছিল কি কোন গোপন প্রণয়? নইলে স্বামীর মৃত্যু সম্পর্কে সন্দিগ্ধ নিশ্চিত না হয়েই কেমন করে সে সুগ্রীবের অঙ্কশায়িনী হল? তারা যদি সম্মত না হত সুগ্রীবের সাধ্য কি তাকে গ্রহণ করে? সমস্ত কিষ্কিন্দারাজ্য সুগ্রীবকে বাধা দিত। মনে মনে বালী এই সব ভেবেছে আর ঈর্ষায় শঙ্কায় তাঁর মন গুমরে গুমরে উঠেছে। বালীর মনের এই দুঃখের আভাস বেদব্যাস তাঁর মহাভারতে দিয়েছেন, পরশস্কততামীষ সুগ্রিবগতমনসাম্ (মহাভারত, বনপর্ব, ২৮০/২৫)।”^৩ কিষ্কিন্দাকাণ্ডে, বালীর মৃত্যুর পর তারার সঙ্গে লক্ষ্মণের কথোপকথনে তারা জানান- যে তিনি ও সুগ্রীব কামে মোহিত। কামের সপক্ষে যুক্তিও দিয়েছেন তিনি। মহাকাব্যের এই ইঙ্গিত অর্থবাহী হয় পরবর্তীকালের পাঠকের দৃষ্টিতে।

উপন্যাসের শুরু থেকেই দেখা যায় তারা ও সুগ্রীব প্রণয়ে আবদ্ধ। উপন্যাসটির শুরু হচ্ছে তারার প্রসাধন সজ্জায়। এই প্রসাধনের উপলক্ষ্য সুগ্রীব। তারার রূপের উপাসক সুগ্রীব। বালী-র প্রতি তারা কখনোই অনুরক্ত ছিলেন না, কারণ বালী কামসর্বস্ব পুরুষ। তারা ছিলেন সুগ্রীবের প্রতি আকৃষ্ট, কারণ সুগ্রীব কোমলহৃদয়, তিনি তারার মূল্য বুঝতেন। তারার রূপ, গুণের যথার্থ সমাদর রয়েছে সুগ্রীবের কাছে, তাই তারা জানান – “সুগ্রীব, হ্যাঁ, সুগ্রীবই তাঁর উপযুক্ত, যথার্থ সাথী।.....প্রভু বলে মানতেও রাজী আছেন তারা।..... শুধু স্ত্রীলোকের নয়- প্রকৃতির সৌন্দর্য দেখতেও জানে, উপভোগ করবার মতো মানসিক গঠন আছে তার। ঋতু পরিবর্তনের সঙ্গে সঙ্গে প্রকৃতি যে নব নব রূপ ধারণ করে, সে বিষয়ে সচেতন।..... আজ সুগ্রীব কাছে থাকলে, তাঁর এই অপরূপ রূপসজ্জা সার্থক হত।.....সুগ্রীব দেখতেন, মুগ্ধ হতেন।”^৪ সুগ্রীব বর্তমানে ঋষ্যমুক পর্বতে আত্মগোপন করে আছেন। প্রেমিকের অদর্শনে তারা বিরহবিধুরা। সুগ্রীবের প্রতি ভালোবাসায় উন্মাদিনীর পর্যায়ে গিয়ে পৌঁছেছেন। সুগ্রীবের অদর্শনে তিনি ব্যাকুলপ্রায় হয়ে উঠেছেন। সমগ্র কিষ্কিন্দাময় যেন সুগ্রীবের স্মৃতি। প্রতিটি পরিবর্তিত

ঋতুতে তারা অনুভব করতে থাকেন সুগ্রীবকে। এই নির্বাসনের পূর্বে সুগ্রীব ও তারা মিলিত হয়েছেন। মায়াবির সঙ্গে যুদ্ধে রত বালীর প্রতীক্ষায় গুহাদ্বারে অবস্থান করছেন সুগ্রীব। আর সুগ্রীবের অদর্শনে অধীর তারা সে সময় সমস্ত বাধা তুচ্ছ করেছেন। তিনি চর নিযুক্ত করে রাস্তা চিনেছেন সুগ্রীবের কাছে যাওয়ার। অতঃপর একদিন গহন রাত্রিতে তিনি উপস্থিত হয়েছেন সুগ্রীবের সম্মুখে। আর সেদিনই সুগ্রীব দেখেছেন গুহাদ্বার থেকে শোণিতের ধারা এবং শুনেছেন কোনো প্রাণীর মরণ আর্তনাদ। কোনো সিদ্ধান্ত নিতে পারেননি তিনি। কেবল বিহ্বল হয়েছিলেন এ কার শোণিত, এ কথা ভেবে। এমন সময় আবির্ভাব ঘটে তারার। এই জটিল সমস্যার মীমাংসা করেন তিনি। সুগ্রীবকে তারা জানান যে, এ রুধির বালীর। এই উপন্যাসে তারাই আছেন নিয়ন্ত্রকের ভূমিকায়। তাই সুগ্রীবের এই সমস্যার সমাধানও করেন তিনি। তারা চেয়েছিলেন বালীর মৃত্যু, তাই তিনি সুগ্রীবকে পরামর্শ দেন গুহামুখ বন্ধ করে প্রত্যাবর্তন করার। তারার মানসিক অবস্থান লেখক বিশ্লেষণ করেছেন এভাবে –“তারা জানতেন, তিনি বৃথাই এতকাল রাজকার্যের মধ্যে বাস করেন নি রাজার প্রধানা ঘরপীরূপে, মানুষ যখন কোন কঠিন সমস্যার সম্মুখীন হয়ে ব্যাকুলভাবে তার সমাধানের উপায় খোঁজে, তখন সম্ভাব্য সব উপায় তার মস্তিষ্কেই দেখা দেয়, নিজেই আবার সে পথের অন্ধকার দিক, বিপজ্জনক দিকের কথা চিন্তা করে হতাশ হয়ে, অন্য উপায় অবলম্বনের চেষ্টা করে। ঘটনার যে পরিণাম তার পক্ষে লাভজনক, সেই দিকেই মন ঝোঁকে, কিন্তু সে পথে যেতে সাহসে কুলোয় না, চক্ষুলাজ্জা বা বিবেকও বাধা দেয়। এইভাবেই নিজেই বৃহত্তর জটিলতার সৃষ্টি করে।.....সেই সময় অপর কেউ যদি কণ্ঠস্বরে অতিরিক্ত দৃঢ়তা এনে কোন একটি বিশেষ উপায়ের ওপর জোর দেয়, সমস্যার্ত মানুষটির সুবিধাজনক হলে তো কথাই নেই, তখন বিহ্বল বিমূঢ় ব্যক্তিটি, সেই পথই গ্রহণ করে, নিশ্চিত হয়। ভাবে, এর দায়িত্বটা ঐ বক্তার উপরই ন্যস্ত করল সে। এমন কথা ভাবতে চায় না যে আসল দায়িত্বটা তাঁরই থেকে গেল।তারা এসব মানব মনোদর্শ অবগত ছিলেন, সুগ্রীবের মনোভাবও।”৫ একটা দোলাচল অবস্থার মধ্যে ছিলেন সুগ্রীব, কারণ তিনি জানেন না, কার মৃত্যু ঘটেছে, এমন অবস্থার সুযোগ নেন তারা। তিনি ইচ্ছাকৃতভাবে গুহাদ্বার বন্ধ করে আসার আজ্ঞা দেন সুগ্রীবকে, মুখে বলেন বটে যে তিনি মায়াবীর মৃত্যু চান, তবে আসলে তিনি চেয়েছিলেন বালীর মৃত্যু, চেয়েছিলেন সুগ্রীবের সঙ্গে, ঘটেওছিল তাই, তবে তারার সমস্ত মনস্কামনা দূর করে বালী ফিরে এসেছিলেন এবং সুগ্রীবকে দলবল সহ পলায়ন করতে হয়েছিল মতঙ্গ মুনির আশ্রমে।

আবারো শুরু হয় তারার ব্যর্থ জীবন যাপন। এমন নারী সুগ্রীবের প্রতি আকৃষ্ট হয়েছিলেন, কারণ সুগ্রীব ছিলেন তারার রূপের উপাসক। অন্যদিকে বালী তারার এই রূপের প্রতি ছিলেন উদাসীন, যা তারার কাছে সবচেয়ে বড় অপমানসূচক। সুগ্রীবের প্রাণ বাঁচাতে মতঙ্গ মুনির আশ্রম ঋষ্যমুক পর্বতে যাওয়ার নিদানও দিয়েছিলেন তারা। একটি বৃহৎ সাম্রাজ্য চালানোর সামর্থ্য আছে তারার মধ্যে, তাই লেখক জানান–“রূপবতী, বুদ্ধিমতী, রাজ্যশাসনের সমস্ত শক্তি তাতে বিদ্যমান।”৬ প্রেমিকের সংবাদ পেতে তিনি পোষণ করেন গুণ্ডচর। সেই গুণ্ডচরের কাছেই তিনি সংবাদ পান যে রাম-লক্ষণ এসেছেন ঋষ্যমুক পর্বতে। সীতা অন্বেষণের তাগিদে তারা বালীর সঙ্গে মিত্রতা স্থাপনে আগ্রহী। বাল্মীকি রামায়ণে দেখা যায়, রাম-লক্ষণের সঙ্গে প্রথম সাক্ষাৎ করেন হনুমান। হনুমানের দীর্ঘ ভাষণে সুগ্রীবের প্রতি ভরসা জন্মায় রামের। এরপর পত্নীহরণজনিত ঘটনার সূত্রে রাম ও সুগ্রীব পরস্পরের মিত্র হয়ে ওঠেন। বস্তুত হনুমানের বাগ্মীতায় প্রীত হয়ে রামচন্দ্র সুগ্রীবের সন্নিহিতে উপস্থিত হন এবং সুগ্রীবের জীবন বৃত্তান্ত শ্রবণ করে তার সঙ্গে মিত্রতায় আবদ্ধ হন। অন্যদিকে উপন্যাসে তারা সমস্ত ঘটনার নিয়ন্ত্রা হয়ে উঠেছেন। বালীর প্রত্যাবর্তনের পরে উপযুক্ত সময়ের অপেক্ষাতে ছিলেন তারা। সে সময় এবং সুযোগ ঘটে রাম ও লক্ষণের আগমনে। ঋষ্যমুক পর্বতে সীতার সন্ধানে আসেন রাম। প্রথমে রাম- লক্ষণ ভেবেছিলেন বালীর সহায়তা প্রার্থনা করবেন সীতার অন্বেষণের কাজে। একথা তারার কর্ণগোচর হওয়া মাত্র তিনি ইতিকর্তব্য স্থির করে নেন। সমগ্র সাম্রাজ্য জুড়ে গুণ্ডচর নিয়োগ করেছিলেন তারা। সমস্ত সংবাদ অবগত

ছিল তার। সমস্ত বিপদ লঙ্ঘন করে তিনি উপস্থিত হয়েছিলেন রাম ও লক্ষণের কাছে আশু বিপদ থেকে সুগ্রীবকে রক্ষা করার আশায়। গুপ্তচরের সহায়তায় তিনি নিজে উপস্থিত হয়েছেন রামচন্দ্রের কাছে। এই গুপ্তচরবৃত্তি কিস্কিন্দারাজ্যে প্রচলিত ছিল। মহাকাব্যের কবির লিখনে আমরা জানতে পারি যে, তারা কুমার অঙ্গদের কাছ থেকে গুপ্তচর মারফৎ সংবাদ পেয়েছিলেন যে ঋষ্যমুক পর্বতে রাম- লক্ষণ এসেছেন সুগ্রীবের সহায়তাকর্মে। উপন্যাসে তারা হয়ে উঠেছেন বালীবধের আয়োজক। তাই তারই প্রতুৎপন্নমতিত্বে রাম সুগ্রীবের সহায়তা করছেন। তারা রামকে জানান যে, সীতা হরণকারী রাবণ বালীর বন্ধু সেকারণে বালী কখনো রাবণের বিরোধিতা করবেন না। দ্বিতীয়ত, রামের পত্নীপ্রেমের যে একনিষ্ঠতা, যে নিষ্ঠা তারা পাননি বালীর কাছ থেকে, সেই পত্নীপ্রেমের নিষ্ঠারূপ আবেগকে এখানে ব্যবহার করেন তারা। রামকে বালীর প্রতি ক্রুদ্ধ করে তোলেন। মহাকাব্যের মধ্যেও তারার এই বাকপটুতা লক্ষ্য করা যায়। বালীবধের অব্যবহিত পরবর্তীকালে সুগ্রীব মগ্ন ভোগ-সুখে, এমন সময় সীতা অশ্বেষণের কর্তব্য কর্ম সম্পর্কে তাকে সচেতন করতে আসেন ক্রুদ্ধ লক্ষণ। তখন তারা তাকে প্রতিহত করতে পেরেছিলেন বাকপটুতায়। সুগ্রীব জানেন তারা ব্যক্তিত্বসম্পন্ন নারী, তাই ক্রুদ্ধ লক্ষণের কাছে তিনি তারাকেই উপস্থিত হতে বলেন সে সময় -“অথবা স্বয়মেবৈনং দ্রষ্টুমরহসি ভামিনি। বচনৈ সাঙ্কযুক্তৈঃ প্রসাদয়িতুমরহসি।।৩৫ (অথবা, হে ব্যক্তিত্ব সম্পন্ন সুন্দরি, তুমি নিজেই তার সঙ্গে দেখা করো। ভালো কথায় তাকে প্রসন্ন করো)”৭ মহাকাব্যের এই বাগ্মী নারীর ইঙ্গিত গ্রহণ করে লেখক তারা ও রামচন্দ্রের কথোপকথন রচনা করেছেন। তারা হয়ে উঠেছেন বালী হত্যার প্রধান আয়োজক। প্রতুৎপন্নমতিত্ব, তীক্ষ্ণবুদ্ধি, রূপ, গুণের সমাহারে লেখক তারাকে একক করে তুলেছেন। তাই তারা তাঁর গুপ্তচরের সহায়তায় প্রাসাদ থেকে নির্গত হন এবং উপস্থিত হন রাম ও লক্ষণের নিকটে। বালীর সঙ্গে রামের মিত্রতাস্থাপনে বিঘ্ন ঘটান। তিনি জানালেন বালীর অসততার কথা, তিনি জেনেবুঝেই সেই সংবাদটি রাম ও লক্ষণকে প্রেরণ করেন যাতে তারা আরও বেশি ক্ষিপ্ত হয়ে ওঠে বালীর উপর অথচ সুগ্রীব নিজেও যে ভ্রাতৃবধূকে সঙ্গিনী হিসেবে গ্রহণ করেছিলেন বালীর অনুপস্থিতিতে সে কথা গোপন করে গেলেন। এ বিষয়ে দীনেশচন্দ্র সেন তাঁর ‘রামায়ণী কথা’ গ্রন্থে জানাচ্ছেন যে- “রাম যাহা শুনিয়াছিলেন তাহাতে ক্রুদ্ধ হওয়া স্বাভাবিক; কিন্তু আরও একটি বিষয়.. গোপন রাখিয়াছিলেন- বালীবধের পরে সুগ্রীব তাহা স্বয়ং রামচন্দ্রকে বলিয়াছিলেন-‘রাজ্যং সুমহৎ প্রাপ্য তারাং রুময়া সহ। মিত্রেণ, সহিতস্তস্য বসামি বিগতজ্বরঃ।।’ অর্থাৎ বিলম্বার প্রস্তরখন্ডে রুদ্ধ রাখিয়া সুমহৎ রাজ্য, তারা এবং রুমাকে প্রাপ্ত হইয়া সুগ্রীব অমাত্যগণের সঙ্গে সুখে বাস করিতে লাগিলেন।”৮ এভাবেই বালী হত্যার পথ সুগম করে তারা। রামচন্দ্রকে তিনি বোঝাতে সমর্থ হন যে বালী রামচন্দ্রের পক্ষে বিপজ্জনক, সুগ্রীব বন্দীদশা থেকে মুক্তি পেলে তবেই সীতার খোঁজ পাওয়া সম্ভব। এভাবে রামচন্দ্রের মাধ্যমে বালীকে হত্যা করার উপায় চিহ্নিত করেন তারা। প্রেমিকা নারীর উদ্ভাদনায় তিনি ইতিকর্তব্য নির্ণয় করে নিয়েছেন। তারা রামচন্দ্রকে স্পষ্টভাবেই জানিয়ে দেন যে বালীর ক্ষতিসাধন হলেও তিনি বিন্দুমাত্র উদ্বেগ প্রকাশ করবেন না।

এই আয়োজন সম্পূর্ণ হওয়ার পরই শুরু আত্মদহন। কেন তিনি এমন কাজ করলেন, এই প্রশ্নে তিনি দীর্ঘ করেন নিজেকে। আবেগ রহিত হয়ে তারা বিশ্লেষণ করেন এতদিনকাল কার্যাবলীর। এক বুদ্ধিমতী নারীর মনের অন্তস্থল লেখক উন্মোচিত করেছেন এখানে। তারা সুগ্রীবকে ভালোবাসেন, অন্যদিকে বালী তাঁর প্রধানা সঙ্গিনী তারাকে উপেক্ষা করেন। সেই উপেক্ষাই তারাকে প্রতিশোধস্পৃহী করে তুলেছে। শরীরসর্বস্ব স্থূলরুচির অধিকারী বালী থেকে সূক্ষ্ম অনুভূতিসম্পন্ন সুগ্রীবের প্রতি তারা আকর্ষিত হয়েছেন। তাঁর সেই দুর্নিবার আকর্ষণের পরিচয় নিহিত আছে উপন্যাসে। প্রতিটি ঋতুতে তারা নতুন করে অনুভব করেছেন সুগ্রীবকে। সুগ্রীবের কিস্কিন্দায় অনুপস্থিতি তারার কাছে অত্যন্ত যন্ত্রণাদায়ক হয়ে উঠেছে। সেই যন্ত্রণার অবসান ঘটাতেই তিনি রামের মাধ্যমে বালীহত্যার নিমিত্ত হয়ে উঠেছেন। বালীহত্যার আয়োজন সম্পূর্ণ হতে তারা ভেবেছেন-“সুগ্রীব তাঁকে যেভাবে পূজার মতো করে ভালোবাসে, বালী হয়তো সেভাবে বাসেন না, কিন্তু সে তো ব্যক্তিগত রুচি ও মানসিক

গঠনের কথা। দানবের মতো যার দৈহিক শক্তি, তাঁর ক্ষুধাও সেইমতো হবে। সেখানে রুচির প্রশ্নই ওঠে না। আর ওর প্রতি প্রবল আকর্ষণ থাকা সত্ত্বেও সুগ্রীবেরও তো বহু নারী সন্তোষে আসক্তি কম নেই। অথবা রুমা প্রধানা ও প্রথমা সঙ্গী হলেও তাতেও মন স্থির নেই।এ-ই পুরুষ। সব পুরুষই এই। তবে তিনি এমন ও এত কান্ড করতে গেলেন কেন? নিরঙ্কুশ রাজ্যলাভের পরও সুগ্রীবের এই পূজা ও স্তুতি যে অব্যাহত থাকবে, তারই বা নিশ্চয়তা কি?” ৯ হত্যার আয়োজন সম্পন্ন হওয়ার পর আত্মদ্বন্দ্বে দীর্ণা তারা বালীকে প্রতিহত করতে চান। যেন শেষ মুহূর্তে সমস্ত ধ্বংস তিনি আটকাতে চান। রক্ষা করতে চান নিজেকে সমস্ত ভ্রান্তির হাত থেকে। কেবল অপরাধবোধ নয়, বিবেকের দংশন নয় সুগ্রীবের প্রতি ভালোবাসার আবেগকে পরিহার করে বাস্তবের যুক্তির আলোকে জীবনকে পরিমাপ করে নিতে চায় তারা। আত্মদ্বন্দ্বে অস্থির তারা বালীকে সহায়তা করার কথাও ভাবেন। নিজের বুদ্ধিকে নিজেই ধিক্কার দেন। শেষরক্ষা করতে বালীকে তিনি প্রস্তাব দেন সুগ্রীবের সঙ্গে বিরোধ দূর করার, কারণ তিনি জানেন রামের সঙ্গে যুদ্ধে বালীর মৃত্যু নিশ্চিত- “ভ্রাতৃসৌহার্দ্যের তুল্য বল নেই, তিনি যোগ্য অমাত্যসহ আপনার সেবা করলে কোনো শত্রুই কিঙ্কিন্যা আক্রমণ করতে সাহস করবে না। আমি আপনার হিতাকাঙ্ক্ষী, আমার অনুরোধ রাখুন, অবিলম্বে সুগ্রীবের প্রতি এই শত্রুভাব দূর করুন। নচেৎ ঐ দুই রাজকুমার সুগ্রীবের সাহায্যকারীরূপে এই বিরোধে অংশগ্রহণ করলে আপনি কিছুতেই নিরাপদ থাকতে পারবেন না। আপনি প্রসন্ন হোন, আমার পরামর্শ গ্রহণ করুন” ১০

মহাকাব্যের ঘটনার দিকে লক্ষ্য রাখলে দেখি, তারা স্থিরবুদ্ধির অধিকারিণী। যুক্তি সহকারে কোনো ঘটনাকে তিনি বিশ্লেষণ করার ক্ষমতা রাখেন। বালী মৃত্যুর অব্যবহিত পূর্বে সুগ্রীবকে বলে যান-“সুযেন দুহিতা চেয়মর্থসুস্মবিনিশ্চয়ে। ঔৎপাতিকে চ বিবিধে সর্বতঃ পরিনিষ্ঠিতা। ১৩(সুযেণের কন্যা এই তারা। যে কোন বিষয়ে সূক্ষ্মাসূক্ষ্ম নির্ণয়ে সুনিপুণা সে। আশু উৎপাতের বিষয়ে কর্তব্য নিরূপণে সে সমর্থ)।” ১১ তারা বুদ্ধিমত্তা ও ব্যক্তিত্বসম্পন্ন নারী। দ্বিতীয়বার সুগ্রীব যখন যুদ্ধে আহ্বান করেন বালীকে, তখন তারা মনোযোগ সহকারে সমস্ত ঘটনাটি বিশ্লেষণ করেন- যে পূর্বে চূড়ান্ত আহত সুগ্রীব, যে বালীর শক্তি সম্পর্কে অবহিত, সে হঠাৎ পুনরায় কেন বালীকে যুদ্ধে আহ্বান করবে। এই ঘটনার সঙ্গে তারা যোগ করে রাম-লক্ষ্মণের আগমনের ঘটনা, সেজন্য তিনি নিরস্ত করতে চান বালীকে। মহাকাব্যের কালে কোনো নারীর এমন বিশ্লেষণী শক্তি আমাদের চমৎকৃত করে। তারার অনুমান যে ভ্রান্ত নয়, তা প্রমাণিত হয় মুহূর্তে। মধ্যপন্থা হিসেবে তাই তিনি বলেন সুগ্রীবকে যৌবরাজ্যে অভিষিক্ত করতে। তাতে উভয়দিক রক্ষিত হয়-“নাসহায়মেহং মন্যে সুগ্রীবং তমিহাগতম্। অবষ্টক্সসহায়শ্চ যমশ্রিত্যৈষ গর্জতি ।।.....বিগ্রহং মা কৃথা বীর ভ্রাতা রাজন্ যবীয়সা। অহং হি তে ক্ষমং মন্যে তেন রামেন সৌহৃদম্। ১২(সুগ্রীব এখানে সহায় ছাড়া এসেছে বলে আমি মনে করি না। নিশ্চয়ই সে সাহায্যকারীর সঙ্গে ঐক্যবদ্ধ হয়েছে। তাকেই অবলম্বন করে এমতো গর্জন করছে।.... হে বীর রাজন্, ছোটোভাইয়ের সঙ্গে যুদ্ধ করো না। তার সঙ্গে আর রামের সঙ্গে তোমার মৈত্রীবন্ধনই আমি উচিত বলে মনে করি।)” ১২ সে পরামর্শ গ্রহণ করেন না বালী। পরিণামে রামচন্দ্রের সঙ্গে যুদ্ধে বালীহত্যা।

বালীর মৃত্যুর পর তারা ভেবেছেন যে কেন তিনি বালীর মৃত্যুর কারণ হলেন। আবেগের বশে তারার হিতাহিত জ্ঞান লোপ পেয়েছে। পরবর্তীতে বিবেকের তাড়নায় তিনি বালীকে প্রতিহত করতে ছুটে গেছিলেন বটে, তবে সে যাওয়ায় তেমন কোন প্রাবল্য ছিল না, যা ছিল তা হল, নিজের ভবিতব্যের ভাবনা আর নিজ সন্তানের পিতাকে হত্যায় সামিল হওয়ার অপরাধবোধ। বালীর মৃত্যুতে তারার প্রবল শোক উপস্থাপিত হয়, সে শোকের মুহূর্তে তারার মানসিক অস্থিরতার পরিচয় এভাবে দিয়েছেন লেখক-“তারা মল্লভূমি ক্ষেত্রে গিয়ে বালীর সাংঘাতিক আহত অচেতন দেহের উপর পড়ে হাহাকার শব্দে রোদন করে উঠলেন। কিন্তু তার মধ্যেই যেন তাঁর এক পৃথক সত্তা তাঁকে সবিদ্রূপ কণ্ঠে প্রশ্ন করতে লাগল - তোমার আচরণের কোনটা সত্য - সুগ্রীবের নৈকট্য

লাভের আশায় বালীকে অপসারিত করার ষড়যন্ত্র - না, এখনকার এই শোক?” ১৩ উপন্যাসের তারা সুগ্রীবকে চেয়েছিলেন ঠিকই, সেখানে প্রধান ছিল যুক্তিহীন আবেগ। সক্রিয় হয়ে উঠেছেন অভীক্ষিত প্রেমিককে লাভ করার অভিপ্রায়ে। তারা সুগ্রীবকে ভালোবেসেছেন, সুগ্রীবকে লাভ করার অভিপ্রায়ে তিনি বালীহত্যার নিমিত্ত হয়ে উঠেছেন। সেই আবেগকে অপসারিত করে যে মুহূর্তে তারা বাস্তবের বোধ দিয়ে বিচার করেছেন, তখন তাঁর অন্তর্দর্শন প্রবল হয়ে উঠেছে।

সুগ্রীব যৌবরাজ্যে অভিষিক্ত হয়েছেন। অতিবাহিত করছেন আরামপ্রদ জীবন। তত্ত্বজ্ঞ হনুমান তাকে রামসম্পর্কিত ইতিকর্তব্য সম্পর্কে সচেতন করেছেন। সুগ্রীব তার পরামর্শ অনুযায়ী সৈন্যসংগ্রহের নির্দেশ দিয়েছেন। তারপর আবার তিনি ভোগে নিমগ্ন হয়েছেন। শোকে নিমগ্ন রামের পক্ষ থেকে এসেছেন লক্ষ্মণ। ক্রুদ্ধ লক্ষ্মণকে নিরস্ত করতে তারাকে পাঠান সুগ্রীব। ব্যক্তিত্বসম্পন্ন তারা ও লক্ষ্মণের কথোপকথন গুরুত্বপূর্ণ কাব্যে। তারা প্রকারান্তরে সুগ্রীবের তিরস্কার করে তাকে রক্ষা করেছেন। তিনি স্বীকার করেছেন যে সুগ্রীব কামে মত্ত ছিলেন, তারপর নিজের কথার সমর্থনে তিনি জানান, কামের বশীভূত হন ধর্মনিষ্ঠ তপস্বীরাও, সেগানে সুগ্রীব তো স্বভাব চঞ্চল বানর। তিনি নিজগুণে ক্ষমা করে দিতে বলেন ভ্রাতৃসম সুগ্রীবকে। কামাবেগে পুরাণে উদ্ধৃত ঋষি বিশ্বামিত্র ও ঘট্যচীর কথা তিনি উল্লেখ করেন। আত্মপক্ষ সমর্থনে কথা বলেছেন তারা। পরপর যুক্তি উত্থাপন করছেন। প্রাচীন যুগে এমন নারীর উপস্থিতি সত্যই বিরল। এরপর লঙ্কার অধীশ্বর রাবণ সম্পর্কে নিজ মত উপস্থাপন করেন তারা। বালীর পত্নী হিসেবে রাবণ ও রাবণের শক্তি সম্পর্কে তিনি অবহিত। তাঁর শক্তি ও সামর্থ্য বিষয়ে তিনি অবহিত করেন লক্ষ্মণকে। রাবণের বিরুদ্ধে যুদ্ধযাত্রা বিষয়ে তিনি পরামর্শ দেন। মহাকাব্যের এই ইঙ্গিতকে বহন করেন লেখক। তারা তাই উপন্যাসে হয়ে ওঠেন সমস্ত ঘটনার নিয়ন্তা। এমন স্বচ্ছ চিন্তা, যুক্তিবোধ নিয়ে পরবর্তীকালের মহাকাব্য পাঠকের কাছে তিনি মুখ্যচরিত্র হয়ে ওঠেন। যিনি কিক্ষিৎকারাজ্য শাসন করতে পারেন স্বচ্ছন্দে। শাসক হওয়ার সমস্ত গুণ বর্তমান তার মধ্যে। তাই হনুমানের বয়ানে লেখক সেকথা পাঠকদের সমীপে জানাতেও দ্বিধা করেন না। এমন ব্যক্তিত্বসম্পন্ন এক নারী বালীর মানসিক স্থূলতায় ও তাঁর অধিক নারীসঙ্গে ক্ষুব্ধ হয়েছেন। আকর্ষিত হয়েছেন সুগ্রীবের প্রতি প্রবলভাবে। সুগ্রীবকে পেতে তিনি মরিয়া হয়ে উঠেছিলেন। সে উন্মত্ততার ঘোরে তিনি বিস্মৃত হয়েছিলেন বাস্তব সত্য। বিস্মৃত হয়েছিলেন যে সুগ্রীব তাঁর প্রতি একনিষ্ঠ নন। যে কারণে তিনি বালী হত্যার প্রধান আয়োজক হয়ে উঠেছিলেন, সে কারণ সম্পর্কে পরে নিজেই সন্দেহান হয়ে উঠেছেন। সেজন্য প্রবল দ্বন্দ্বিকতার উপস্থিতি তাঁর আচরণে। তাই উপন্যাসের শেষে তিনি সুগ্রীবের সঙ্গিনী হয়ে উঠেছেন বটে তবে সত্য সম্পর্কে সচেতন হওয়ায় তখন তাঁকে গ্রাস করেছে কিছুটা বিষণ্ণতা। অনার্য সভ্যতার এক নারীর যুক্তিবোধ, বাস্তবতা আর্য সভ্যতার ধ্বজাবাহী পুরুষদের সঙ্গে সমান চাতুর্যে ও দক্ষতায় আলাপচারিতা পরবর্তীকালের পাঠককে ভাবায়। সেই ভাবনা থেকেই কাহিনির কেন্দ্রে উপস্থিত হন তারা। তাঁকে কেন্দ্র করেই জন্ম নেয় এক নতুন পাঠকৃতি।

REFERENCES:

- ১। সেন দীনেশচন্দ্র, “রামায়ণী কথা”, (সোপান), (কল-০৬), সোপান সংস্করণ (২০১১), পৃষ্ঠা- ৮৭।
- ২। চক্রবর্তী ধ্যানেশনারায়ণ (অনূদিত), “রামায়ণম্”, (নিউ লাইট), (কল-০৯), ১৪০২, পৃষ্ঠা-৭৫১।
- ৩। চক্রবর্তী অমলেশ, “রামায়ণ কথা”, (প্রতিভাস), (কল-০২), (জানুয়ারি ২০১১), পৃষ্ঠা- ২০২।
- ৪। মিত্র গজেন্দ্রকুমার, “গজেন্দ্রকুমার মিত্র রচনাবলী”(দশম খণ্ড), (মিত্র অ্যান্ড ঘোষ পাবলিশার্স), (কল-১০), তৃতীয় মুদ্রণ (১৪২৭), পৃষ্ঠা-২৭০।
- ৫। ঐ, পৃষ্ঠা- ২৮৪।
- ৬। ঐ, পৃষ্ঠা- ২৯২।

- ৭। চক্রবর্তী ধ্যানেশনারায়ণ (অনূদিত), “রামায়ণম্”, (নিউ লাইট), (কল-০৯), (১৪০২), পৃষ্ঠা-৭৬৮।
- ৮। সেন দীনেশচন্দ্র, “রামায়ণী কথা”, (সোপান), (কল-০৬), সোপান সংস্করণ (২০১১), পৃষ্ঠা- ৪৫।
- ৯। মিত্র গজেন্দ্রকুমার, “গজেন্দ্রকুমার মিত্র রচনাবলী”(দশম খণ্ড), (মিত্র অ্যান্ড ঘোষ পাবলিশার্স), (কল-১০), তৃতীয় মুদ্রণ (১৪২৭), পৃষ্ঠা-৩২৩।
- ১০। ঐ, পৃষ্ঠা- ৩২৬।
- ১১। চক্রবর্তী ধ্যানেশনারায়ণ (অনূদিত), “রামায়ণম্”, (নিউ লাইট), (কল-০৯), (১৪০২), পৃষ্ঠা- ৭২৬।
- ১২। চক্রবর্তী ধ্যানেশনারায়ণ (অনূদিত), “রামায়ণম্”, (নিউ লাইট), (কল-০৯), (১৪০২), পৃষ্ঠা- ৭০৭।
- ১৩। মিত্র গজেন্দ্রকুমার, “গজেন্দ্রকুমার মিত্র রচনাবলী”(দশম খণ্ড), (মিত্র অ্যান্ড ঘোষ পাবলিশার্স), কল-১০, তৃতীয় মুদ্রণ (১৪২৭), পৃষ্ঠা- ৩৩২।



© OFFICER-IN-CHARGE, KRISHNAGAR GOVERNMENT COLLEGE
PRINTED AT: MAA KALI ARTWORK, GOLAPATI, KRISHNAGAR,
NADIA, WEST BENGAL, PIN-741101



ISSN: 2278-6554